

একটি বর্ষার দিন

(সিডিঃঃএনডিঃ)

আজ ঘুম থেকে উঠে দেখি দিগন্তব্যাপী আকাশ কালো মেঘে ছেয়ে আছে। কোথাও কোন সূর্যের আলো নেই। আকাশ যেন কান্নায় ভেঙে পড়েছে। বৃষ্টি কখনও মুষলধারে, কখনও বা ঝিরঝিরে হয়ে ঝড়ে পড়ছে। কানে আসছে তার একটানা শব্দ। বৃষ্টির জন্য জানলা খোলার উপায় নেই। তাই বিছানা ছেড়ে দরজা খুলে বারান্দায় উঁকি দিলাম একবার। মা অমনি চোঁচিয়ে উঠলেন, বারান্দায় যাস না, বৃষ্টির জলে ঘর ভরে যাবে। মার কথা অমান্য করেই চুপটি করে বারান্দায় দাঁড়িয়ে রইলাম কিছুক্ষণ।

দেখলাম গাছপালার মাতামাতি, শুনলাম বৃষ্টির ঝমঝমানি। দূরে সবুজ ধান ক্ষেতে চেউ তুলেছে হাওয়া, তার সাথে মুষলধারে বৃষ্টি। বর্ষার দিনে গাছপালায়, মাঠে ঘাটে সর্বত্রই প্রাণের হিল্লোল উঠেছে। তাল আর নারকেল গাছেরা সব গাছের মাথা ছাড়িয়ে হাওয়ায় ছলছে। বাড়ির একটু দূরে নদীর জলে উথাল পাথাল চেউ পাড়ে আছড়ে পড়ছে। তার মধ্যে দু-চারটে নৌকা চেউয়ের দোলায় ছলে চলেছে। মাঝিরা আপ্রাণ চেষ্টায় সেটাকে ঠিক রাখছে। আমি খানিকক্ষণ মনভরে এইসব উপভোগ করলাম। গলা ছেড়ে গাইতে ইচ্ছা করছিল - 'মন মোর মেঘের সঙ্গী উড়ে চলে দিগ্ দিগন্তের পানে'। কিন্তু না পারলাম গান গাইতে, না পারলাম ঘরের বাইরে যেতে। এই মুহূর্তে মন চিন্তাশূন্য, আছে শুধু এক অব্যক্ত অনুভূতি।

এত প্রচণ্ড বৃষ্টিতে স্কুল যাবার তাড়া নেই। বই নিয়ে পড়তে বসতেও ভাললাগছে না। তাই মায়ের কাছে পড়ার ছুটি চেয়ে নিলাম। বসে পড়লাম রং-তুলি নিয়ে। প্রকৃতির এই রূপ ধরে রাখলাম আঁকার খাতায়।

এক নাগাড়ে বৃষ্টি পড়ার দরুন বাড়ির সামনের পথে জল জমতে শুরু করেছে। ছোট ছোট ছেলেমেয়েরা সেই জলের মধ্যে বৃষ্টিতে ভিজে খেলা করছে। মানুষের অনেক অসুবিধা হচ্ছে তবুও সবাই মনে প্রাণে এই বৃষ্টিকে উপভোগ করছে। এমন দিনে কবি লেখক শিল্পীরা প্রকৃতির এই রূপ দেখে খসখস করে কয়েক পাতা লিখে ফেলে বা এঁকে ফেলে। আমার আর বাড়িতে বসে থাকতে ভাললাগছিল না। ইচ্ছা করছিল ছাতা মাথায় চারিদিকটা ঘুরে দেখে আসি। কিন্তু বড়দের বকুনির ভয়ে তা সম্ভব হল না।

ভাই বায়না ধরল ক্যারাম খেলার জন্যে। দুপুরে খিচুরি খাওয়ার পর কাকু, কাকিমা, ভাই আর আমি ক্যারাম খেললাম। বৃষ্টি কিন্তু তখনও সমানে পড়ে চলেছে। সন্ধ্যাবেলা বাড়ির সবাই মিলে একসাথে বসে মুড়ি-তেলেভাজা খাওয়া হল। এরপর একবার বারান্দায় গিয়ে দেখলাম বৃষ্টির প্রকোপ অনেকটা কমে এসেছে। রাস্তা জলে ভরে আছে। দোকানপাট সব বন্ধ। কেউ কোথাও নেই। আমি ঘরে এসে আলমারি থেকে একটা ভূতুরে গল্পের বই বার করে পড়তে শুরু করলাম। বর্ষার দিনটা কেটে গেল।